শরখোলায় বসতঘর থেকে ২০ কেজি ওজনের অজগর উদ্ধার

বাগেরহাটের শরণখোলায় বসতঘর থেকে ২০ কেজি ওজনের একটি অজগর সাপ উদ্ধার করা হয়েছে। বুধবার বিকেলে উপজেলার খুড়িয়াখালী গ্রামের শাহজাহান ফরাজীর ঘর থেকে অজগরটিকে উদ্ধার করে পূর্ব-সুন্দরবনের শরণখোলা রেঞ্জ অফিস সংলগ্ন বনে অবমুক্ত করা হয়।
ওয়াইল্ড টীমের শরণখোলা শাখার ফিল্ড ফ্যাসিলিটেটর মোঃ আলম হাওলাদার জানান, স্থানীয় শাহজাহান ফরাজীর ঘরে ঢুকে একটি অজগর তিনটি মুরগীর ডিম খেয়ে সেখানে অবস্থান করছে জানতে পেরে তারা সেখানে ছুটে যান এবং সাপটিকে উদ্ধার করেন। এ সময় সুন্দরবন রক্ষা বিষয়ক সিপিজি, ভিটিআরটি ও বন বিভাগের সদস্যরা উপস্থিত ছিলেন। বিকেলেই সাপটিকে বনে অবমুক্ত করা হয়। শরনখোলা ষ্টেশন কর্মকর্তা সামসুল আলম ঘটনার সত্যতা স্বীকার করেছেন।